

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়

ঢাকা।

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট

ফোন : ০২২২৩৩৮১৩৩৭

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর : ১৩০৮/২৪

তারিখ : ৩০ ডিসেম্বর ২০২৪
১৫ পৌষ ১৪৩১

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক

একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক ও সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক

সকল সহকারী মহাব্যবস্থাপক ও ব্যবস্থাপক

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/সকল বিভাগীয় কার্যালয়

লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা

এবং স্টাফ কলেজ ও সকল সাবসিডিয়ারী কোম্পানি।

বিষয় : অত্র ব্যাংকের চলমান 'জেবি আমার সঞ্চয় আমার মুনাফা' নামীয় স্কীমের নির্দেশ বিজ্ঞপ্তি নং : ১২৪৫/২৪,

তারিখ : ০১ জানুয়ারি ২০২৪ এর সংশোধনী প্রসঙ্গে।

মহোদয়,

পরিচালনা পর্ষদের গত ০৫ ডিসেম্বর ২০২৩ তারিখের ৭৯৬তম সভার সিদ্ধান্ত মোতাবেক নির্দেশ বিজ্ঞপ্তি নং : ১২৪৫/২৪, তারিখ : ০১ জানুয়ারি ২০২৪ এর মাধ্যমে 'জেবি আমার সঞ্চয় আমার মুনাফা' স্কীম চালু করা হয় যা ১৫ জানুয়ারি ২০২৪ তারিখ হতে চলমান রয়েছে। উক্ত নির্দেশ বিজ্ঞপ্তির ক্রমিক নং : ৭.০০ এর অনুচ্ছেদ অনুযায়ী বর্তমানে প্রচলিত সুদের হার ও প্রতি লক্ষ টাকায় মাসিক প্রাপ্য মুনাফার পরিমাণ নিম্নরূপ :

“০৩ (তিন) বছর মেয়াদী স্কীমের ক্ষেত্রে বার্ষিক ৮.০০% সরল সুদ হারে ৬৬৭/- টাকা (ছয়শত সাতষট্টি) এবং ০৫ (পাঁচ) বছর মেয়াদী স্কীমের ক্ষেত্রে বার্ষিক ৮.২৫% সরল সুদ হারে ৬৮৮/- (ছয়শত আটশি) মাসিক ভিত্তিতে গ্রাহক মুনাফা প্রাপ্য হবেন। অর্থাৎ মাসের যে তারিখেই হিসাব খোলা হোক না কেন, এক মাস পূর্ণ হবার পর প্রয়োজনীয় কর্তন (সরকারি নীতিমালা অনুযায়ী) শেষে গ্রাহকের হিসাবে মুনাফার টাকা প্রদান করা হবে। এক্ষেত্রে গ্রাহক মাসের যে তারিখে স্কীমটি খুলবেন পরবর্তী মাসের ঐ তারিখে প্রদেয় মুনাফা গ্রাহকের সঞ্চয়ী/চলতি হিসাবে জমা করা হবে।”

১। বর্ণিত বিষয়ে পরিচালনা পর্ষদের গত ০৩ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত ৮২৯তম সভার গৃহিত সিদ্ধান্ত মোতাবেক 'জেবি আমার সঞ্চয় আমার মুনাফা' স্কীম হিসাবের ক্রমিক নং : ৭.০০ এর অনুচ্ছেদ অনুযায়ী ০১ জানুয়ারি ২০২৫ তারিখ হতে কার্যকর করে সুদের হার ও প্রতি লক্ষ টাকায় মাসিক প্রাপ্য মুনাফার পরিমাণ নিম্নোক্তভাবে সংশোধন করা হ'ল :

“জেবি আমার সঞ্চয় আমার মুনাফা স্কীম” এর প্রতি ০১ (এক) লক্ষ টাকার বিপরীতে ০৩ (তিন) বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক ৯.৭৫% সরল সুদহারে ৮১৩ (আটশত তেরো) এবং ০৫ (পাঁচ) বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক ১০% সরল সুদ হারে ৮৩৩ (আটশত তেত্রিশ) টাকা মাসিক ভিত্তিতে গ্রাহকের অনুকূলে মুনাফা প্রদান করা হবে। অর্থাৎ মাসের যে তারিখেই হিসাব খোলা হোক না কেন, এক মাস পূর্ণ হবার পর প্রয়োজনীয় কর্তন (সরকারি নীতিমালা অনুযায়ী) শেষে গ্রাহকের হিসাবে মুনাফার টাকা প্রদান করা হবে। এক্ষেত্রে গ্রাহক মাসের যে তারিখে স্কীমটি খুলবেন পরবর্তী মাসের ঐ তারিখে প্রদেয় মুনাফা গ্রাহকের সঞ্চয়ী/চলতি হিসাবে জমা করা হবে।”

২। ইতোপূর্বে জারিকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং : ১২৪৫/২৪ এর অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৩। সংশোধিত নির্দেশ বিজ্ঞপ্তি জারির ফলে নির্দেশ বিজ্ঞপ্তি নং : ১২৪৫/২৪ এর কোন বিষয় সাংঘর্ষিক হলে সেক্ষেত্রে এই সংশোধনী বিজ্ঞপ্তির ক্রমিক নং : ০১ এর সংশোধনীর আলোকে বিষয়টি স্বয়ংক্রিয়ভাবে পুনঃস্থাপিত হবে।

৪। স্কীমের পুনঃনির্ধারিত সুদহার এবং প্রতি ০১ (এক) লক্ষ টাকার বিপরীতে বর্ধিত মাসিক মুনাফা ০১ জানুয়ারি ২০২৫ তারিখ হতে (নতুন খোলা হিসাবের ক্ষেত্রে) কার্যকর হবে।

এমতাবস্থায়, অত্র ব্যাংকের আমানতের ভিত্তি অধিকতর শক্তিশালীকরণ ও তারল্য চাহিদা পূরণে 'জেবি আমার সঞ্চয় আমার মুনাফা' স্কীমের আওতায় বেশি বেশি হিসাব খোলার জন্য সর্বস্তরের নির্বাহী ও কর্মকর্তাবৃন্দের প্রতি আহ্বান জানানো হলো।

আপনার বিশ্বস্ত,

মোঃ আবদুস সোবহান মিয়া
উপ-মহাব্যবস্থাপক

আরিফ আহমেদ
মহাব্যবস্থাপক